

উত্তানমূলক

১. বাঙালি জাতির বীজমন্ত্র কী?
২. চর্যাপদ কে আবিষ্কার করেন?
৩. কৈবর্ত বিদ্রোহ কার বিরুদ্ধে হয়েছিল?
৪. তিতুমীরের আসল নাম কী?
৫. ক্ষুদিরামকে কেন ফাঁসি দেওয়া হয়?
৬. আমার পরিচয় কবিতায় কবি 'কমলার দীঘি' ও 'মহুয়ার পালা'র কথা উল্লেখ করেছেন কোন ঐতিহ্য বোঝাতে?
৭. 'সওদাগরের ডিঙার বহর' বলতে কী বোঝানো হয়েছে?
৮. মুসলমানদের ফরজ কাজসমূহ পালনে উদ্বুদ্ধ করার জন্য আন্দোলন করেন কে?
৯. কবি হাজার চরণ চিহ্ন কোথায় ফেলে এসেছেন?
১০. সৈয়দ শামসুল হকের কোন গ্রন্থ থেকে 'আমার পরিচয়' শীর্ষক কবিতাটি সম্পাদিত আকারে চয়ন করা হয়েছে?
১১. পাহাড়পুর বৌদ্ধবিহার কে আবিষ্কার করেন?
১২. ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় বাঙালির জাতীয় স্লোগান কী ছিল?
১৩. চাঁদ সওদাগরের কাহিনী কোথায় বর্ণিত হয়েছে?
১৪. 'আমার পরিচয়' কবিতায় কতটি নদী কবির আগমন সম্পর্কে প্রশ্ন করে?
১৫. 'আমার পরিচয়' কবিতায় 'বীজমন্ত্র' বলতে কী বোঝানো হয়েছে?

আবার জমবে মেলা বটতলা হাটখোলা অস্থানে নবান্নের উৎসবে
সোনার বাংলা ভরে উঠবে সোনায়, বিশ্ব অবাক চেয়ে রবে।
আবার ভিতরে এসে বাংলার বন্দরে, বেসাতির বড় বড় মহাজন
আবার খুঁজবে তারা সোনাফলা বাংলায় জহরত, হীরা, মণি-কাঞ্চন,
বাংলার গল্পে, গানে ও কথায় বিশ্বের আঙিনা মুখর হবে।
আবার আনবে ছিনে বিশ্বের সম্মান, বাংলার কথা আর কবিতার
মুক্তির এ ইতিহাস পৃথিবীর বিস্ময়, বাস্তব স্বপ্নের ছবি তার
পথে ঘাটে প্রান্তরে ঘরে আঙিনায় সৌরভে ভরা আর সৌরভে।

ক) চর্যাপদ কী?

খ) ক্ষুদিরাম স্মরণীয় কেন?

গ) উদ্দীপকের বিষয়বস্তুতে 'আমার পরিচয়' কবিতার কোন দিকটি প্রতিফলিত হয়েছে বলে মনে কর। ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকের কবিতাংশে 'আমার পরিচয়' কবিতার মূলভাব প্রতিফলিত হয় নি।' উক্তিটির সার্থকতা মূল্যায়ন কর।